দৈনিক ইত্তেফাক

তারিখ 22 MAY 2010
পৃষ্ঠা ... কলাম ...

● জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের নেতৃবৃন্দ

# এমপিও বিষয়ে প্রধানমন্ত্রীর সিদ্ধান্ত বাস্তবায়নের আহ্বান

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষক ও কর্মচারীদের ১১টি সংগঠন নিয়ে গঠিত জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট নেতৃবৃন্দ গতকাল শুক্রবার এক যুক্ত বিবৃতিতে নতুন অর্থ বছর শুরুর পূর্বেই এমপিও প্রদানের বিষয়ে প্রধানমন্ত্রীর সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নে সমন্বিত কার্যক্রম গ্রহণের জন্য সরকার ও প্রশাসনের সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রতি আহবান জানিয়েছেন। বিবৃতিতে অবিলম্বে যোগ্য প্রতিষ্ঠানে এমপিও প্রদান শুরু এবং ডিগ্রী কলেজে তৃতীয় শিক্ষকদের এমপিওভুক্ত করতে শিক্ষা বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটি গতকালের সভায় সরকারের প্রতি আহবান জানানোর জন্য তাদের ধন্যবাদ জানানো হয়।

ফ্রন্ট নেতৃবৃন্দ বলেন, চারদলীয় জোট সরকারের পাঁচ বছর ও তত্ত্বাবধায়ক সরকারের দুই বছরে শত শত শিক্ষক-কর্মচারীকে চাকরিচ্যুত করে। এছাড়া ২৫-৩০ বছরের পুরনো এমপিও এবং পদোন্নতি কেড়ে নিয়েছে। ২০০৩ থেকে নতুন প্রতিষ্ঠানে এমপিও প্রদান সম্পূর্ণ বন্ধ রেখে শিক্ষার সিংহ ভাগ ভার বহনকারী বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম পরিচালনায় সৃষ্ট অচলাবস্থা সৃষ্টি করেছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্টের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলাম, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক আসাদুল হক, বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরি সভাপতি অধ্যক্ষ মোঃ আবদুর রশীদ, বাংলাদেশ কারিগরি কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ এম এ সাত্তার, বাংলাদেশ শিক্ষক সমিতির (কামরুজ্জামান) সভাপতি বিলকিস জাহান, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব এস এম এ জলিল প্রমুখ।